তারিখ ... 18 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

সমকাল

সরকারি কলেজে সংযুক্তি

# রাজধানী ছাড়তে হচ্ছে সহস্রাধিক শিক্ষককে

■ সাব্বির নেওয়াজ

বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক শারমীন আক্তার মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তরে 'ওএসডি' হয়ে পুরান ঢাকার একটি কলেজে সংযুক্ত শিক্ষক হিসেবে আছেন। তার বিভাগে ১৫ জনের বিপরীতে সংযুক্তসহ শিক্ষক আছেন ২৭ জন। শুধু শারমীন নন, শিক্ষা অধিদপ্তরে ওএসডি হয়ে সংযুক্তিতে আছেন শিক্ষা ক্যাডারের দেড় হাজারের বেশি কর্মকর্তা। তারা সবাই রাজধানী ও আশপাশ এলাকায় কলেজে কর্মরত। তবে শিগগিরই তাদের রাজধানী ছাড়তে হবে। চলতি মাসের প্রথম সপ্তাহে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ের কাছে রাজধানীতে বছরের পর বছর ওএসডি ও সংযুক্তিতে থাকা কর্মকর্তাদের তালিকা চাওয়া হয়েছে। এই তালিকা ধরে তাদের মফস্বলে পাঠানোর তোড়জোড় শুরু হয়েছে।

গত বুধবার মাউশিতে গিয়ে এর প্রমাণ মেলে। সেখানে দেখা গেল, কলেজ শাখার সব কর্মকর্তা একটি রুমে বসে রাজধানীর ওএসডি কর্মকর্তাদের তালিকা করছেন। বিকেল পর্যন্ত রাজধানীর ৫টি কলেজের সংযুক্তির পূর্ণাঙ্গ তালিকা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়েছে। আগামী সপ্তাহে ঢাকাসহ সারাদেশে সংযুক্তিতে থাকা কর্মকর্তাদের তালিকা পাঠানো হবে। এরপরই শুরু হবে তাদের বদলির প্রক্রিয়া।

মাউশির কর্মকর্তারা বলছেন, 'এ সকল কর্মকর্তার অধিকাংশই কোনো কোনো আমলা, রাজনৈতিক নেতা বা সামরিক কর্মকর্তার বৌ, শ্যালিকা ও নিকটাত্মীয়। বাকিরা প্রভাবশালীদের লবিংয়ের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৭

## রাজধানী ছাড়তে হচ্ছে

[তৃতীয় পৃষ্ঠার পর]

মাধ্যমে সংযুক্তি নিয়েছেন। তাদের মধ্যে অধিকাংশই নারী। এই কর্মকর্তাদের মাউশি নয়, শিক্ষা মন্ত্রণালয় পদায়ন করেছে। তাই মাউশির কিছু করার নেই। এখন যদি প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে তাকে সংশ্লিষ্ট কলেজে পদায়ন করা হয় তবে সে ক্ষেত্রে মাউশির কিছু করার থাকবে না।' তবে সরকারের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন তারা।

মাউশির কলেজ শাখার ২০১৫ সালের আগস্ট মাসের তথ্য অনুযায়ী, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের মধ্যে ওএসডি কর্মকর্তার সংখ্যা ১ হাজার ৫২২ জন। বিভিন্ন কলেজে ওএসডি (সংযুক্ত) আছেন ১ হাজার ১৬৩ জন। শিক্ষা প্রেষণে আছেন আরও ৩৫৯ জন এবং রাজধানীর কলেজে ওএসডি (সংযুক্ত) কর্মকর্তা আছেন ৪৪৩ জন। এরমধ্যে রাজধানীর তিতুমীর কলেজে ৭৫, ইডেন কলেজে ৬২, বাঙলা কলেজে ৫৬ ও ঢাকা কলেজে ৫০ জন। রাজধানীতে মোট ১৮টি সরকারি কলেজে ৪৪৩ জন কর্মকর্তা ওএসডি হয়ে দিব্যি ঢাকায় বসে বেতনভাতা তুলছেন। তারা বছরের পর বছর সংযুক্তি নিয়ে এখানে পড়ে আছেন। শুধু খাতায় সই করা ছাড়া তাদের আর কোনো কাজ নেই। কখনও কখনও তারা পদায়নে থাকা শিক্ষকদের কাজেও বিরক্ত করেন বলে অভিযোগ রয়েছে।

এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক (কলেজ ও প্রশাসন) ড. এস এম ওয়াহিদুজ্জামান বলেন, 'প্রধানমন্ত্রীর কার্যালয়ের চাহিদা অনুসারে আমরা তালিকা করছি। কাকে কোথায় বদলি বা সংযুক্তি করা হবে সেটি প্রধানমন্ত্রী কার্যালয় বা শিক্ষা মন্ত্রণালয় ঠিক করবে। কারণ তাদের আমরা পদায়ন বা সংযুক্তি কোনোটিই করিনি।' তিনি জানান, সরকারি কলেজে এমনিতেই শিক্ষক সংকট বেশ প্রকট। এরমধ্যে এত সংখ্যক শিক্ষক ওএসডি হয়ে ঢাকা মহানগরীতে থাকলে মফস্বল এলাকায় শিক্ষার ব্যাঘাত ঘটে। সংযুক্তি বাতিল করে সংশ্লিষ্ট কলেজে পাঠালে শিক্ষক সংকট কিছুটা কমবে বলে মনে করেন তিনি।

**শুধু রাজধানীতে থাকতেই ওএসডি :** রাজধানীতে বসবাসের জন্য বর্তমানে মাউশিতে 'ওএসডি' হয়ে বিভিন্ন কলেজে সংযুক্ত রয়েছেন এসব কর্মকর্তা। গত বছর সহযোগী অধ্যাপক থেকে অধ্যাপক পদে পদোন্নতি দেওয়া হয় ৩৭৭ জনকে। তাদের মধ্যে ওএসডি হওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে তদবির করেছেন দুই শতাধিক সরকারি কলেজ শিক্ষক। তাদের একটাই চাওয়া, পছন্দসই জায়গায় পদায়ন না হলে মাউশিতে যেন তাদের 'ওএসডি' করে রাখা হয়। অন্য ক্যাডারে 'ওএসডি' শাস্তিমূলক বা অন্য কারণে হলেও বিসিএস শিক্ষা ক্যাডারে 'ওএসডি' প্রাইজপোস্টিং। কারণ এ ক্যাডারে 'ওএসডি' হয়ে রাজধানীতে দিনের পর দিন বসবাস করা যায়।